রাজশাহী বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ বি.এসসি. (সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি./ডি.ভি.এম./বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষা, ২০২১-২০২২

ইউনিট-C (গ্রুপ 1 , 2, 3, 4 এবং Non-Science)

ভর্তির জন্য উপস্থিত হওয়া সংক্রান্ত ২য় বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ এর ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এসসি.(সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি./ডি.ভি.এম./বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে অবশিষ্ট শূন্য আসন পূরণের জন্য নিম্নের নতুন কার্যপদ্ধতি প্রদান করা হলো।

০৩.১১.২০২২ তারিখে শূন্য আসন সংখ্যা নিম্নে প্রদান করা হলো। উল্লেখ্য যে, এ সংখ্যা প্রতিদিন কিছু কিছু করে বৃদ্ধি পাচ্ছে।

	ভর্তির সম্ভাব্য বিভাগ	**গ্রুপ ১**	**গ্রুপ ২**	**গ্রুপ ৩**	**গ্রুপ ৪**
জীববিদ্যা স্ট্রীম	GEM, GES, PSY	০	০	০	৫
গণিত স্ট্রীম	POP, MAT, STA	১০	১৫	১১	২

এর বিপরীতে নিম্নের মেধাক্রমধারীদের **৬ নভেম্বর সকাল ৯টা-১১টার মধ্যে ইউনিট কার্যালয়ে উপস্থিত হতে বলা হচ্ছে:**

	ভর্তির সম্ভাব্য বিভাগ	**গ্রুপ ১**	**গ্রুপ ২**	**গ্রুপ ৩**	**গ্রুপ ৪**
জীববিদ্যা স্ট্রীম	GEM, GES, PSY	--	--	--	মেধাক্রম ৮৭৬-৯২০ (প্রায় ১৫ জন)
গণিত স্ট্রীম	POP, STA, MAT	মেধাক্রম ১১৪৫-১৩০৮ (প্রায় ১০০ জন)	মেধাক্রম ১৩৮১-১৭৩১ (প্রায় ১৫০ জন)	মেধাক্রম ১২৯৮-১৫১৫ (প্রায় ১১০ জন)	মেধাক্রম ১০৮৩-১১০৫ (প্রায় ২০ জন)

১. উপরের তালিকায় বর্ণিত অপেক্ষমান প্রার্থীগণকে সশরীরে আগামী **৬ নভেম্বর রবিবার সকাল ৯টা থেকে ১২টার মধ্যে** রা.বি. সি ইউনিট কার্যালয় (বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪০১, কুদরাত-এ-খুদা একাডেমিক ভবন) উপস্থিত হতে হবে। এখানে একটি হাজিরা তালিকায় স্বাক্ষর করতে হবে এবং ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র জমা দিতে হবে। এরপর দুপুর ২টা পর্যন্ত অপেক্ষা করতে হবে।
২. ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র [এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান এর মূল মার্কস সার্টিফিকেট, এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড] এবং ভর্তির জন্য প্রয়োজনীয় অর্থ সঙ্গে আনতে হবে।
৩. তালিকাভুক্ত যে সকল প্রার্থী ঐ দিন উপস্থিত হতে ব্যর্থ হবে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
৪. উপস্থিত ভর্তিচ্ছুদের মধ্যে শূন্য আসন অনুসারে **ঐদিনই (৬ নভেম্বর ২০২২) দুপুর ২টায় নির্বাচন তালিকা প্রকাশ করা হবে**। যারা ঐদিন নির্বাচিত হবেন তাদেরকে **তখনই (৬ নভেম্বর ২০২২ দুপুর ২টা থেকে ৫টা) ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।**
৫. যারা ঐদিন নির্বাচিত হবেন না, তাদেরকে অপেক্ষমান হিসেবে রাখা হবে এবং বিশ্ববিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়া যতদিন চলমান থাকবে, তার মধ্যে যত আসন বাতিল হবে, তার বিপরীতে তাদেরকে মেধাক্রমে নির্বাচন করা হবে। পরবর্তী ভর্তির সম্ভাব্য তারিখ ৮ নভেম্বর ২০২২।
৬. যাদের নাম এই তালিকায় স্থান পায় নি, কিন্তু এর পরপরই অবস্থান, তাদেরকে ভর্তি ওয়েবসাইটের নোটিসের এবং নিজ মোবাইল ফোনের দিকে দৃষ্টি রাখতে বলা হচ্ছে। কোন কারণে ভর্তি প্রক্রিয়া প্রলম্বিত হলে, বা এ তালিকা থেকে আসন পূর্ণ না হলে তাদেরকে মেধাক্রমে ভর্তির জন্য ডাকা হবে।

অবিজ্ঞান শাখা এবং শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে বতমানে আসন খালি নাই। শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগ এবং কোটার ভর্তি প্রক্রিয়া এর সমান্তরালে চলবে এবং এর জন্য প্রয়োজন অনুসারে পৃথক নোটিশ চলমান থাকবে।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৮টা - বিকাল ৩টা) বিজ্ঞান অনুষদে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০৭২১-৭১১১১৫, ০১৩০৩-২১০৩৩৬)। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩–৮৯৯৯৭৩।

অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে অটো-মাইগ্রেশন পুরোপুরি বন্ধ (**Stop automigration**) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (**Opt-out**) করা যাবে। পরবর্তী নির্বাচনের সময় বিবেচিত হওয়ার জন্য ০৬-১১-২০২২ সন্ধ্যা ৬:০০টার পূর্বে এটি করতে হবে।

এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে নিম্নের সম্ভাব্য সময়সূচী অনুযায়ী মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হবে। উল্লেখ্য যে, বর্তমান সিদ্ধান্ত অনুসারে ৮ নভেম্বর ভর্তি প্রক্রিয়া শেষ হবে। তবে কোটা প্রার্থীদের ভর্তি করানোর জন্য সময় বৃদ্ধি করা হবে। আসন শূন্য হওয়া সাপেক্ষে মূল ধারা ভর্তি প্রক্রিয়ার সময়ও বৃদ্ধি পেতে পারে।

তালিকা	**প্রকাশের সম্ভাব্য তারিখ**	**ভর্তির সম্ভাব্য তারিখ ও সময়***
১৪শ নির্বাচন তালিকা	৭ নভেম্বর, ২০২২	৮ নভেম্বর, ২০২২, সকাল ১১টা পর্যন্ত

* এ সময়ের মধ্যে অনলাইন প্রক্রিয়া সম্পন্ন করলে দাপ্তরিক প্রক্রিয়ার জন্য পরেও সুযোগ থাকবে।

যারা ভর্তির জন্য নির্বাচিত হবেন তাদের জন্য ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

১. ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,৩৩০.০০ টাকা (পাঁচ হাজার তিনশত ত্রিশ টাকা মাত্র) জমা দিতে হবে। **[টাকা জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি** http://admission.ru.ac.bd **থেকে জানা যাবে।]**
২. **পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে অনুষদ উন্নয়ন ফি ১,০০০.০০ (এক হাজার) টাকা রকেটের মাধ্যমে প্রদান করতে হবে।**
৩. অনলাইনে http://admission.ru.ac.bd-তে ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি তিন কপি প্রিন্ট নিতে হবে।
৪. এরপর নিধারিত সময়ের মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে কনফারেন্স রুম, বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪০১, কুদরাত-এ-খুদা একাডেমিক ভবনে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
    - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত **[দুই কপি জমা দিতে হবে]**
    - এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান এর মূল মার্কস সার্টিফিকেট **[জমা দিতে হবে]**
    - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র **[জমা দিতে হবে]**
    - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড **[দেখাতে হবে]**
    - অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে Transaction ID সহ একটি প্রিন্টআউট **[জমা দিতে হবে]**
৫. কাগজপত্র সন্তোষজনক হলে উপরের তালিকা অনুযায়ী কাগজপত্র জমা দিলে ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলভ্রান্তি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় / সি ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৩ নভেম্বর ২০২২

(প্রফেসর ড. মো. সাহেদ জামান)
চীফ কো-অর্ডিনেটর
১ম বর্ষ ২০২১-২০২২ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি
ও ডীন, বিজ্ঞান অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট হতে রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের পদ্ধতি

Rocket App-এর মাধ্যমে

১. রকেট App-এ Login করুন।
২. Bill Pay অপশনে প্রবেশ করুন।
৩. সার্চ অপশনে বিলার আইডি **4388** বা **Dean, Faculty of Science (RU)** টাইপ করুন।
৪. বিল নম্বরের স্থলে ছাত্র/ছাত্রীর ভর্তি পরীক্ষার রোল নাম্বার অথবা ভর্তির বিল নম্বর দিন।
৫. টাকার পরিমাণ (**1000**) টাইপ করে Submit ট্যাপ করুন।
৬. আপনার রকেট নাম্বারের গোপন পিন নাম্বার টাইপ করুন।

বিশেষ দ্রষ্টব্য

- পরিশোধের অংকের উপর ১% চার্জ প্রযোজ্য হবে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের Transaction ID সহ প্রিন্টআউট জমা দিতে হবে।